মুজিবনগরে রোপা আমন ও পেঁয়াজ বীজ প্রণোদনা কর্মসূচির উদ্বোধন

মেহেরপুরের মুজিবনগরে ২০২৫-২৬ অর্থ বছরের খরিফ মৌসুমে রোপা আমন ধান ও শীতকালীন পেঁয়াজ বীজ (কন্দ) ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের শুভ উদ্বোধন করা হয়েছে।

সোমবার সকালে উপজেলা কৃষি অফিস চত্বরে উপজেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের যৌথ আয়োজনে এই উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রণোদনা কর্মসূচির শুভ উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) সাইফুল হুদা। অনুষ্ঠানে স্বাগত ও টেকনিক্যাল বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার।

কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের উদ্বোধন অনুষ্ঠানে,প্রধান অতিথির বক্তব্যে উপজেলা নির্বাহী অফিসার বলেন, ”বর্তমান সরকার কৃষিবান্ধব সরকার।

দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে এবং কৃষকদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করতে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় আজকে রোপা আমন ও শীতকালীন পেঁয়াজ বীজ বিতরণ করা হচ্ছে।

পেঁয়াজের বাজারে যেন আমাদের পরনির্ভরশীলতা কমে এবং আমরা স্বয়ংসম্পূর্ণ হতে পারি, সেজন্য এই শীতকালীন পেঁয়াজ চাষ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। আমি আশা করি, কৃষকেরা এই সরকারি প্রণোদনার সঠিক ব্যবহার করে নিজেদের ফলন বৃদ্ধি করবেন এবং দেশের অর্থনীতিতে অবদান রাখবেন।”

উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন তাঁর বক্তব্যে বলেন, ”খরিফ মৌসুমে রোপা আমন এবং শীতকালীন পেঁয়াজের আবাদ ও উৎপাদন বাড়ানোর

লক্ষ্যেই আমাদের এই বিশেষ প্রণোদনা কর্মসূচি।

অনেক সময় কৃষকেরা সঠিক সময়ে মানসম্মত বীজের অভাবে ক্ষতিগ্রস্ত হন। আমরা মাঠ পর্যায়ে কৃষকদের উন্নত জাতের বীজ ও প্রয়োজনীয় সার পৌঁছে দিচ্ছি। আমাদের উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ মাঠে থেকে কৃষকদের আধুনিক চাষাবাদ পদ্ধতি ও রোগবালাই দমনে সব ধরনের কারিগরি সহযোগিতা প্রদান করবেন। সঠিক নিয়মে চাষাবাদ করলে এবার মুজিবনগরে আমন ও পেঁয়াজের বাম্পার ফলন হবে বলে আমরা আশাবাদী।

এছাড়াও মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্স ওমর ফারুক প্রিন্স সহজ সহকারী কৃষি কর্মকর্তা, উপ-সহকারী কৃষি কর্মকর্তা এবং সুবিধাভোগী প্রান্তিক কৃষকেরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে উপস্থিত তালিকাভুক্ত প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকদের মাঝে বিনামূল্যে উন্নত জাতের রোপা আমন ধানের বীজ, শীতকালীন পেঁয়াজ বীজ (কন্দ) এবং প্রয়োজনীয় রাসায়নিক সার বিতরণ করা হয়।